চুয়াডাঙ্গায় বাংলাদেশ পুলিশের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

চুয়াডাঙ্গায় বাংলাদেশ পুলিশের সকল সদস্যের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণের আওতাভুক্ত চুয়াডাঙ্গা জেলায় নায়েক ও কনস্টেবলদের ‘দক্ষতা উন্নয়ন কোর্স’-এর ১২তম ব্যাচের শুভ উদ্বোধন করেন করা হয়েছে। প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন।

বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, বিপিএম (বার), পিপিএম সার্বিক নির্দেশনায় বাংলাদেশ পুলিশের সকল পদমর্যাদার সদস্যদের নিয়ে গতকাল শনিবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গায় ১২তম ব্যাচের সপ্তাহ ব্যাপি পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণ শুরু হয়েছে। চুয়াডাঙ্গা পুলিশ সুপার প্রশিক্ষনার্থীদের উদ্দেশ্য পোষাকের মর্যাদা, সৌজন্যতা ও মার্জিত আচরণ, সহকর্মী ও সেবা প্রত্যাশীদের সাথে পেশাগত আচরণ ও করণীয়-বর্জনীয় সম্পর্কে আলোকপাত করেন।

উক্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল), আনিসুজ্জামান, চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সের আরআই আমিনুল ইসলাম, কুষ্টিয়া ইনসার্ভিস ট্রেনিং সেন্টারের প্রতিনিধিসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার প্রশিক্ষণার্থী পুলিশ সদস্যবৃন্দ।

আলমডাঙ্গার রুইথনপুরে স্বজনদের

আহাজারিতে দাফন সম্পন্ন

মালয়েশিয়ায় ক্রেন দুর্ঘটনায় নিহত আলমডাঙ্গা উপজেলার সেই যুবক লাল চাঁনের লাশ অবশেষে দেশে ফিরিয়ে এনে দাফন সম্পন্ন করা হয়েছে।

আজ শুক্রবার সকালে চিৎলা ইউনিয়নের রুইথনপুর গ্রামে নিহত যুবকের লাশ বাড়িতে পৌছাই। লাশ আসার খবরে পাশ্ববর্তী কয়েক গ্রামের মানুষ শেষবারের মত নিহত যুবক লাল চাঁনকে দেখতে ভিড় জমায়। বাড়ির উঠানে কফিন বক্স থাকলেও এলাকার মানুষের ঢল থামাতে বাঁশের ব্যারিকেড দেওয়া হয়। এদিন দুপুরে তার বাড়ির পাশের কবরস্থানে হাজারো মুসল্লির অংশগ্রহণে জানাজার নামাজ শেষে দাফন করা হয়েছে।

এর আগে গত ১২ আগস্ট শনিবার দুপুরে মালয়েশিয়ায় নিজ কর্মস্থলে ট্রাক থেকে কন্টেইনার নামাতে গিয়ে ক্রেন ছিড়ে তিনি ঘটনাস্থলেই নিহত হয়।

স্থানীয়রা জানান, গত ৬ মাস পূর্বে পরিবারের সচ্ছলতা ফেরাতে মালয়েশিয়া পাড়ি জমায় যুবক লাল চাঁন (২২)। সে ওই দেশের একটি (চায়না কমিউনিকেশনস কনস্ট্রাকশনস) কোম্পানিতে কাজ করত। গত ১২ আগস্ট শনিবার ক্রেন ছিঁড়ে কন্টেইনার তার উপর পড়ে। এতে ঘটনাস্থলেই সে মারা যায়।

মালয়েশিয়া থেকে টানা ১২দিন পর শুক্রবার মধ্য রাতে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তার লাশ এসে পৌছায়। তারা দুই ভাই-বোনের মধ্যে লাল চাঁন ছিল ছোট। তাই তার এমন মৃত্যুর পর থেকে পুরো পরিবার শোকে পাথর হয়ে যায়। লাশ এসে বাড়িতে পৌছানোর পর পরিবারের আহাজারিতে এলাকার পরিবেশ ভারি হয়ে উঠে।

চিৎলা ইউনিয়নের ইউপি সদস্য শাহাজালাল বলেন, জীবিকার তাগিদে গত ৬ মাস আগে মালয়েশিয়ায় পাড়ি জমান। আজ শুক্রবার মধ্যরাতে বিমান যোগে দেশে আসে তার লাশ । জুম্মার নামাজ পর লাল চানের দাফন সম্পন্ন হয়েছে।

চুয়াডাঙ্গার বড়শলুয়ায় পারিবারিক কলহে বিষপানে আত্নহনন

চুয়াডাঙ্গার দর্শনা থানার বড়শলুয়া গ্রামে স্বামী – স্ত্রীর মধ্যে পারিবারিক কলহের জের ধরে বিষপান করেছে ইসরাইল (৪০)সে চুয়াডাঙ্গার দর্শনা থানার বড়শলুয়া গ্রামের মেছের আলীর ছেলে।

জানাযায় গত (২৪আগষ্ট) বৃহস্পতিবার পারিবারিক কলহের জের ধরে সবার অজান্তে রাত সাড়ে ১২ টার দিকে বিষপান করে।পরিবারের লোকজন টের পেলে দ্রত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসার নিলে কর্তব্য ডাক্টার তার ওয়াশ করার দুইদিন পর চুয়াডাঙ্গা হাসপাতালে তার মৃত্য হয়।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহা বলেন, গত ২৪ আগষ্ট রাতে স্বামী- স্ত্রীর মধ্যে পারিবারিক কলহের সৃষ্টি হয়।রাতেই স্বামী ইসরাইল বিষপান করে।বিষপানের একদিনের মথায় শুক্রবার বেলা ১২ টার দিকে চিকিৎধীন অবস্থায় সদর হাসপাতালে তার মৃত্য হয়।এ ঘটনায় তার লাশ ময়না তদন্ত করে পরিবারের কাছে হস্তান্তর করেছে পুলিশ।

এ বিষয়ে চুয়াডাঙ্গা সদর থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

দর্শনা পৌরসভায় ডেঙ্গু প্রতিরোধে গণ সচেতনামূলক আলোচনা সভা

সারা বাংলাদেশে ডেঙ্গু আতংকে ভুগছে ঠিক তখনই চুয়াডাঙ্গা জেলা ব্যাপি ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিতে জেলার দর্শনা পৌরসভার উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে গণসচেতনামূলক আলোচনা সভা

অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে দর্শনা পৌরসভার হল রুমে ডেঙ্গু গণ সচেতনতা মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুর সভাপতিত্বে এ গণসচেতনামৃলক আলোচনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন দর্শনা পৌর আওয়ামীগের সহ-সভাপতি শফিকুল ইসলাম, দর্শনা ফাজিল (ডিএস) মাদ্রাসার সুপার শফি উদ্দিন, আওয়ামীলীগ নেতা মোজাহারুল ইসলাম।

দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমনের উপস্থাপনায় উপস্থিত থেকে আরো বক্তব্য রাখেন, দর্শনা গণ উন্নয়ন গ্রন্থগারের (সিডিএল) পরিচালক আবু সুফিয়ান, সমাজ সেবক জাহিদুল ইসলাম, রেলবাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান, শিক্ষক হারুন অর রশিদ, আওয়ামীলীগ নেতা ফয়সাল আহম্মেদ, প্রমুখ।

কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মতবিনিময় সভায় জেলা প্রশাসক

কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মতবিনিময় সভায় নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার সময় দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যাবহার রোধ, ধর্মীয় উগ্রবাদ ও জঙ্গীবাদ মোকাবিলা নারী শিশুর প্রতি সহিংসতা বাল্য বিবাহ ইভটিজিং নিপীড়ন, বৈষম্যমূলক আচরন ও আত্মহত্যা প্রতিরোধে শিক্ষার মান উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভায় অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো মনিরুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

বিশেষ অতিথি সহকারী ও সিনিয়র এক্সিকিউটিভ ম্যাজিস্টেট শহীদুল আলম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা

সহকারী কমিশনার (ভূমি),সজল কুমার দাস, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুল করিম বিশ্বাস, সহকারী শিক্ষিকা আকলিমা খাতুন, সহকারী শিক্ষক মো শরিফুল ইসলাম সহ বিদ্যালয়ের সকল শিক্ষক শিক্ষিকা ও শিক্ষার্থীরা। এসময় আগত অতিথিদের ক্রেস্ট প্রদান করা হয়।

পরবর্তীতে প্রধান অতিথি সহ কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের হলরুমে মতবিনিময় সভায় উপস্থিত হন। ইউনিয়ন পরিষদের হলরুমে চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার নবাগত জেলা প্রশাসক ড কিসিঞ্জার চাকমা, সহকারী ও সিনিয়র এক্সিকিউটিভ ম্যাজিস্টেট শহীদুল আলম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজীর আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, মোখলেছুর রহমান রিপন, কার্পাসডাঙ্গা ইসলামিয়া ফাজিল ডিগ্রি মাদ্রাসার অধ্যক্ষ জুলফিকার আলী সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্য ও কর্মরত এবং সাংবাদিক বৃন্দরা।এরপর কার্পাসডাঙ্গায় অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলামের স্মৃতি বিজরিত আটচালা ঘর ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করেন। সর্বশেষ কার্পাসডাঙ্গা আবাসন প্রকল্পের বাসিন্দাদের মুজিব শতবর্ষের ঘর পরিদর্শন করেন। সার্বিক অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক তরিকুল ইসলাম।

দামুড়হুদায় নবাগত জেলা প্রশাসকের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলায় নবযোগদানকৃত জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ড. কিসিঞ্জার চাকমার সাথে দামুড়হুদা উপজেলার বীর মুক্তিযোদ্ধা, সরকারি কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তি, সুশীল

সহজেই এখানে মাদক প্রবেশ করে, ক্রীড়া সাংস্কৃতিক খেলাধুলা এগুলো উঠে গেলে আমাদের যুব সমাজ মাদকের ভয়াল থাবায় ধ্বংস হয়ে যাবে, এদিকে নজর দেওয়া খুব প্রয়োজন। সরকারের সমস্ত রকম ভাতা, সরকারি যা কিছু বিতরণ করা হয় তার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। বেশি বেশি বাজার মনিটরিং করতে হবে, কৃষক দাম পাচ্ছে কম, অথচ মধ্যস্থ ভোগী পাইকারি ও খুচরা বিক্রেতারা সুফল ভোগ করছে, কৃষকের উন্নতি না হলে দেশের উন্নতি হবে না। এই উপজেলার ভারী শিল্প কেরু এন্ড কোম্পানির দিকে সরকারি নজরদারী বারাতে হবে। কেরু এন্ড কোম্পানির নিজস্ব জমিতে আখ চাষ নিশ্চিত করতে হবে।

অনুষ্ঠানের শুরুতেই কোরআন থেকে তেলওয়াত করেন দামুড়হুদা উপজেলা মসজিদের কেয়ারটেকার মো: আসাদুজ্জামান। সমস্ত অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ।

আলমডাঙ্গায় দলীয় নেতাকর্মীদের সাথে মতবিনিময় কালে এমপি ছেলুন

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় আওয়ামীলীগ নেতাকর্মিদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। আজ বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে দলীয় কার্যালয়ে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,আজকে বাংলাদেশের উন্নয়নে অগ্রযাত্রা ব্যাহত করতে বিএনপি-জামায়াত চক্রান্ত হচ্ছে। সকল চক্রান্তের বিরুদ্ধে আমাদের রুখে দাড়াতে হবে। যারা মনে করছে বিদেশ তাদের ক্ষমতায় বসিয়ে দেবে, তাদের সেই আশা কখনো বাস্তবায়ন হবে না। জননেত্রী শেখ হাসিনা কোন অপশক্তির কাছে মাথানত করবে না। এদেশের জনগণই নির্ধারণ করবে কারা ক্ষমতায় যাবে।

তিনি বলেন,আওয়ামীলীগের নেতাকর্মিদের ঐক্যবদ্ধ থাকতে হবে। সকল ষড়যন্ত্র মোকাবেলা করে আবারও আওয়ামীলীগকে ক্ষমতায় আনতে হবে।

উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছার সভাপতিত্বে মত বিনিময় সভায় উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, সাবেক বন ও পরিবেশক বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, জেলা আওয়ামীলীগের সাবেক সদস্য শাহ আলম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, সাবেক প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন।

উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টারের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল হক, সৈকত খান, সাবেক প্রচার সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন বাদশা, শ্রমিক ইউনিয়নের সভাপতি রিয়াজ উদ্দিন, সাধারণ সম্পাদক মজিবর রহমান প্রমূখ।

আলমডাঙ্গায় নিখোঁজের ১১ দিন পর দোকান কর্মচারীর অর্ধগলিত লাশ উদ্ধার

নিখোঁজের ১১ দিন পর আলমডাঙ্গার হাটবোয়ালিয়ার মুদি দোকান কর্মচারী গোলাম মোস্তফা (২২)’র অর্ধগলিত লাশ উদ্ধার হয়েছে। পাশ্ববর্তী বাঁশবাড়িয়ার মাথাভাঙ্গা নদীর ফেরিঘাট নামক স্থান থেকে আজ বৃহস্পতিবার দুপুরের দিকে এ লাশ উদ্ধার হয়। লাশের স্বজনরা নিখোঁজ গোলাম মোস্তফার লাশ বলে সনাক্ত করেন। পরে লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মর্গে প্রেরণ করেন পুলিশ।

নিহত যুবক গোলাম মোস্তফা উপজেলার হারদী ইউনিয়নের মোড়ভাঙ্গা গ্রামের মৃত হাবিবুর রহমানের ছেলে।

এদিকে এ ঘটনার বিষয়ে সন্ধ্যায় ওই যুবকের স্বজনরা রাতে থানায় মামলা দায়ের প্রক্রীয়া শুরু করেছেন।

ঘটনার বিবরণে জানা গেছে,আলমডাঙ্গার হাটবোয়ালিয়া বাজারে জাহাঙ্গীর আলমের জননী স্টোর নামের একটি মুদি দোকানে গোলাম মোস্তফা দীর্ঘদিন ধরে কর্মচারী হিসেবে কাজ করতো। গত (১৪ আগস্ট) সোমবার রাত ৯ টার দিকে সে বাই সাইকেলযোগে বাড়ির উদ্দেশ্যে রওনা হয়। রাত গভীর হলেও গোলাম মোস্তফা বাড়ি না ফিরলে তার মা দোকান মালিক জাহাঙ্গীর হোসেনকে বিষয়টি জানায়। ওই দিন রাতেই খুঁজাখুঁজি করেন দোকান মালিক ও মোস্তফার পরিবারের লোকজন। একপর্যায়ে ওই যুবকের ব্যবহৃত মোবাইল ফোন হাটবোয়ালিয়া বাজারের চার রাস্তার মোড় থেকে উদ্ধার করে স্থানীয়রা। পরের দিন বাজারের পাশেই, মাথাভাঙ্গা নদীর পাড় থেকে পরিত্যক্ত অবস্থায় তার বাই সাইকেল উদ্ধার করে এলাকাবাসী। দোকান কর্মচারী গোলাম মোস্তফা নিখোঁজের পর জানা যায় দোকান মালিক জাহাঙ্গীর হোসেনের কাছ থেকে প্রয়োজনে মোস্তফা ধার বাবদ ২ লাখ ৩০ হাজার টাকা নিয়েছে। জাহাঙ্গীর হোসেন সে সময় জানিয়েছিলেন ধারের টাকা আত্মসাতের জন্য সে আত্নগোপন করেছে। এদিকে নিখোঁজ মোস্তফাকে অনেক খুঁজেও তাকে না পেয়ে একপর্যায়ে থানায় গিয়ে সাধারণ ডায়রি করেন নিখোঁজ মোস্তফার বড় ভাই ইউনুচ আলি।

এরই এক পর্যায়ে গতকাল বহস্পতিবার দুপুরের দিকে বাঁশবাড়িয়া মাথাভাঙ্গা নদীর ফেরিঘাট সংলগ্নস্থানে নৌকার পারাপারের সময় দুর্গন্ধময় বস্তু ভেসে থাকতে দেখেন লোকজন। কাছে গিয়ে মাথা নীচের দিকে অর্ধগলিত এক যুবকের
মরদেহ দেখতে পান তারা। সংবাদ পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে নদী থেকে ভাসমান লাশ উদ্ধার করে। পরে নিখোঁজ দোকান কর্মচারী গোলাম মোস্তাফার লাশ বলে তার স্বজনরা সনাক্ত করেন।

দামুড়হুদায় ডেঙ্গু সচেতনতা মূলক র্যালী ও আলোচনা সভা

অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে ডেঙ্গু সহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বেলা ১২ টার দিকে উপজেলার পরিষদ চত্ত্বরে থেকে উপজেলা প্রশাসনের নেতৃত্বে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে জনসচেতনতা মূলক র্যালী বের হয়ে প্রধান সড়ক পদক্ষিণ করে পূনরায় একই স্থানে এসে শেষ হয়। দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলা পরিষদের সভাকক্ষে নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে ডেঙ্গুসহ মশাবাহিত র আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শহীদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা হেলেনা আক্তার নিপা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মাহবুবা আক্তার তাবিয়া, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আঃ করিম বিশ্বাস, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, যুবউন্নন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, আইসিটি কর্মকর্তা আরিফুল ইসলাম, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফয়জুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার এস আই আরমান, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুল ইসলাম রতনসহ গণমাধ্যম কর্মী, বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষাকা ও ছাত্রছাত্রী বৃন্দ। সভায় বক্তারা মশার জীবন চক্র ও মশা বাহিত বিভিন্ন রোগের উপর বিশদ আলোচনা করেন। ডেঙ্গু মশা চিহ্নিত করণ, ডেঙ্গু মশার প্রজনন ক্ষেত্র, ডেঙ্গু মশা প্রতিরোধে কী কী করণীয় সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

আলোচনা সভা শেষে মশা নিধোনের জন্য ধোঁয়া স্পে করার দৃশ্য চোখে পড়লে দেখা গেছে, যিনি স্প্রে করছেন তার মুখ ও নাক সম্পূর্ণ উম্মুক্ত।এখানে লক্ষ্যনীয় হচ্ছে,মশা নিধনে যে ধোঁয়া স্প্রে করা হচ্ছিলেন ওই দৃশ্য দেখতে কোমলমতি শিশু শিক্ষার্থীরা পিছু পিছু ছুটে যাওয়ার দৃশ্য মেলেন । শক্তিশালী বিষ আর অকটেন মিশ্রিত ধোঁয়া মানবদেহের জন্য কতটা ক্ষতিকর তা সাধারণ জনগণ ও কোমলমতি শিশু শিক্ষার্থীরা কিন্তুু জানেন না।
ফলে এ বিষয়েও সর্বস্তরের জনসাধারণের মধ্যে প্রচারণা চালানো উচিত বলে উপস্থিতিতে এদিকে,উপজেলার সচেতনমহলের অভিযোগ, উপজেলার

প্রায় সকল এলাকায় ড্রেনগুলোতে ময়লা মাটি জমে থাকা, আশপাশের ঝোপঝাড় নিয়মিতভাবে পরিস্কার না করা সহ উপজেলার সদর ইউনিয়নের মাথাভাঙ্গা নদীর পাড়,হাউলি ইউনিয়নের দর্শনা পৌরসভার বে রেলগেট সংলগ্ন চুয়াডাঙ্গা টু যশোর আঞ্চলিক মহাসড়কের ধারে, বাসাবাড়ি ,ক্লিনিক, সেলুন সহ বাজারের সব ধরনের ময়লা আবর্জনা স্তূপ জমার পাশাপাশি গরু-ছাগলের বজ্র অবাধে ফেলা হচ্ছে।যে কারণে উল্লেখিত সড়ক পথ ধরে পথচারীদের গন্তব্যে পৌঁছতে পোয়াতে হচ্ছে জনদুর্ভোগ।এ কারণে উল্লেখিত স্থান গুলোতে ডাবের খোসা,মাটির হাঁড়ি সহ বিভিন্ন পাত্রে জমে থাকা পাত্রে ডেঙ্গু মশার লার্ভা তৈরির আশঙ্কা রয়েছেন।কাজেই তাদের দাবি মহামারি ডেঙ্গু প্রতিরোধে শুধূ সভা সমাবেশ করলেই হবে না সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি।

আলমডাঙ্গায় দিনব্যাপি ব্যস্ত সময় কাটালেন জেলা প্রশাসক

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা আলমডাঙ্গা উপজেলায় পরিচিতি ও মতবিনিময় গতকাল মঙ্গলবার তিনি উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সকল দপ্তরের কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ ও রাজনৈতিক ব্যক্তিবর্গের সাথে মতবিনিময় করেন। এর আগে তিনি মুক্তিযুদ্ধের স্মৃতি বিজরিত আলমডাঙ্গা বধ্যভূমিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে ড. কিসিঞ্জার চাকমা বলেন,আজকের এই মতবিনিময় সভায় আলমডাঙ্গার সার্বিক চিত্র দেখতে পেলাম এখন। সমস্যা সমাধানে সবাই যে এটি নিয়ে ভাবেন। আলমডাঙ্গার মাটি এবং মানুষ নিয়ে যে আপনাদের চিন্তা ভাবনা, এটি আমাকে অনুপ্রাণিত করেছে। এজন্য আপনাদেরকে ধন্যবাদ জানাই। অনেক বিষয় আছে যেগুলো হয়তো রাস্ট্রীয় ভাবে উদ্যোগ নেওয়া জরুরী। কিন্তু কিছু বিষয আছে যেগুলো আমরা স্থানীয়ভাবে উদ্যোগ নিতে পারি। যেমন অতিগুরুত্বপূর্ণ বিষয় হলো মাদক। আমার বিশ্বাস মাদকের বিরুদ্ধে আপনারা সবাই সোচ্চার। আপনারা বলেছেন সিমান্তের ওপার থেকে মাদকের